# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২৬৪০৬

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
Website: www.bmeb.gov.bd , E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/ ২৬৫০ তারিখঃ ৬ /০২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসার সভাপতি জনাব মোঃ সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে মাদরাসার অর্থ আত্মসাৎ, অশোভনীয় আচরণ, ক্ষমতার অপব্যবহার, বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ আনয়ন করে কমিটির ০৭ (সাত) জন সদস্য পদত্যাগ করেছেন। এছাড়া কমিটির ০৬জন সদস্য সভাপতি বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃথকভাবে আবেদন করেছেন। স্থানীয় মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ বেগম নাসরিন জাহান রতনা একই বিষয় উল্লেখ করে কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্য পদত্যাগ করায় বর্তমান ম্যানেজিং কমিটি বাতিল করার জন্য ডিও লেটার প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসমূহের সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক...২.....(...দুই......) পাতা।

6/2/17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/ তারিখঃ /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, বরিশাল।
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
৩. সভাপতি/সদস্যবৃন্দ, হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসা, বাকেরগঞ্জ, বরিশাল।
৪. সুপার, হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসা, বাকেরগঞ্জ, বরিশাল।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,

রেজিস্ট্রার মহোদয়,
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
ঢাকা ।

**বিষয়ঃ বরিশাল জেলাধীন বাকেরগঞ্জ উজজেলায় অবস্থিত হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসার ~~গভর্নিং বডির~~ সভাপরি নামে অভিযোগ করণ প্রসঙ্গে ।**

মহোদয়

বিনীত নিবেদন এই যে, অত্র হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসার সভাপতি জনাব মোঃ সিদ্দিকুর রহমান মিয়া মাদরাসার সভাপরি হয়ে বিভিন্ন রকম অভিযোগে অভিযুক্ত হয়ে আছেন নিম্নে উপস্থাপন করা হলো ।

১. মাদরাসার রিজার্ভ ফান্ড ও জেনারেল ফান্ডের টাকা আত্মসাৎ ।
২. শিক্ষার্থী/ছাত্রীদের সাথে অশোভনীয় আচরণ ।
৩. স্থানীয় পর্যায়ে বিশ্রিংখলা সৃষ্টি করে রাখা ।
৪. শিক্ষক/কর্মচারীদের জিম্মি করে রাখা ।
৫. শিক্ষক নিয়েগে অনিহা ।
৬. মাদরাসা সংশ্লিষ্ট কোন কাজে অংশ গ্রহণ করতে অনীহা প্রকাশ করা ।
৭. তার অশোভনীয় আচরণে প্রতিষ্ঠানে শিক্ষার্থী হ্রাস পাওয়া/কমে যাওয়া । মাদরাসার উন্নয়য়ন মূলক কোন কাজে তার সহযোগীতা নেই ।

তার এরকম বহুবিধ কর্মকান্ডের জন্য আমরা এলাকাবাসি অতিষ্ট হয়ে আপনার স্থানীয় এম.পি মহোদয়ের সুপারিশ পত্র সহ অত্র অত্র প্রতিষ্ঠানের সমস্যা নিরসনে আপনার বরাবরে আবেদন পেশ করলাম ।

অতএব মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা যে, অত্র মাদরাসার সভাপতির বিষয়ে বিধান মূলক ব্যবস্থা গ্রহণের জন্য আপনার সদয় নেক মর্জি কামনা করছি ।

<u>বিনীত নিবেদক</u>

**১ । মোঃ খলিলুর রহমান মিঞা, বিশিষ্ট সমাজ সেবক,**
**২ । মোঃ জালাল উদ্দিন মিঞা, দাতা সদস্য ।**
**৩ । মোঃ ছালাম মিঞা, দাতা সদস্য/বিশিষ্ট সমাজ সেবক ।**
**৪ । মোঃ আব্দুল কুদ্দস মিঞা, বিশিষ্ট ব্যবসায়ী/ সমাজ সেবক ।**
**৫ । মোঃ আব্দুল কুদ্দস হাওলাদার, অভিভাবক সদস্য ।**
**৬ । মোঃ মোফাজ্জেল হোসেন মিঞা, দাতা ।**

সদস্য

*Member of Parliament*
*124 Barisal-6, Bakergonj*
Member, Standing Committee on
Ministry of Women & Children Affairs

স্মারক নং-বাজাস/১২৪বরি-৬/ডিও/এ-গ-০৬৬ ৩০ নভেম্বর ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ **বরিশাল জেলাধীন বাকেরগঞ্জ উপজেলার অন্তর্গত "হানুয়া পেয়ারপুর ছালেহীয়া দাখিল মাদ্‌রাসার" ম্যানেজিং কমিটি বাতিল করণ প্রসঙ্গে।**

সূত্রঃ শিম/শাঃ ১১/১৩(আইডিএ)-৩/২০০৩(অংশ)৬০৮ তারিখঃ ০৮/০৬/২০০৯ইং

জনাব,

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উল্লেখ করছি যে, সরকারের সিদ্ধান্ত মোতাবেক সূত্রে বর্ণিত স্মারকের আলোকে আমার নির্বাচনী এলাকা ১২৪ বরিশাল-৬ এ বিষয় উল্লেখিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান "হানুয়া পেয়ারপুর ছালেহীয়া দাখিল মাদ্‌রাসার" ম্যানেজিং কমিটির সভাপতি মহোদয়ের স্বার্থান্বেষি সেচ্ছাচারিতামূলক সিদ্ধান্ত ও অসৌজন্যমূলক আচরনের জন্য সদস্যগন ঐক্যমত পোষন করতে না পেরে কমিটির থেকে অধিকাংশ সদস্য পদত্যাগ পত্র দাখিল করেছেন। তাই মাদরাসার কার্যক্রম স্থবির হওয়ার উপক্রম হওয়ায় অত্র মাদরাসার শিক্ষক ও কর্মচারীগন সকলেই বর্তমানে কমিটি বাতিল করার সম্মতি দিয়েছে।

অতএব, জনাবের নিকট উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানটি সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে জরুরী ভিত্তিতে ম্যানেজিং কমিটি বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ দানে আপনার মর্জি হয়।

প্রতি

চেয়ারম্যান/রেজিষ্টার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
বকশি বাজার, ঢাকা।

ধন্যবাদান্তে

বেগম নাসরিন জাহান রতনা, এমপি
১২৪, বরিশাল-৬
বাংলাদেশ জাতীয় সংসদ।

**Personal Office :** Polly Bhaban, Sahebgonj, Bakergonj. Tel : 0432-874089, 02-8816855, Cell : 01911-343936, 01711-181577